Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 29 April, 2025

দুর্নীতি দমন কমিশনের (দুদক) দায়ের করা অবৈধ সম্পদ অর্জন ও কর ফাঁকির আলাদা দুই মামলায় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের খালাতো ভাই দণ্ডপ্রাপ্ত শাহরিন ইসলাম চৌধুরী তুহিনের জামিন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত।

মঙ্গলবার (২৯ এপ্রিল) কর ফাঁকির মামলায় ঢাকার বিশেষ জজ-১০ কবির উদ্দিন প্রামাণিকের আদালত তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

এদিন অবৈধ সম্পদ অর্জনে দায়ের করা মামলায়ও জামিন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর আদেশ দেন বিশেষ জজ আদালত-৭।

মঙ্গলবার সকালে ঢাকার দুই বিশেষ জজ আদালতে তার আইনজীবী সৈয়দ জয়নুল আবেদীন মেজবাহর মাধ্যমে আত্মসমর্পণ করে জামিনের আবেদন করেন তিনি।শুনানি শেষে আদালত তার জামিন নামঞ্জুর করেন।

অ্যাডভোকেট শেখ শাকিল আহমেদ রিপন বিষয়টি নিশ্চিত করেছেন।

জানা যায়, কর ফাঁকি ও অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে ২০০৭ সালে তুহিনের বিরুদ্ধে গুলশান থানায় আলাদা দুটি মামলা দায়ের করে দুদক।

এর মধ্যে কর ফাঁকির মামলায় ২০০৮ সালে আলাদা দুটি ধারায় তিন বছর ও পাঁচ বছরসহ মোট আট বছরের সশ্রম কারাদণ্ড দেন আদালত।দুই ধারার সাজা একত্রে চলবে বিধায় তাকে

সর্বোচ্চ পাঁচ বছরের সাজা ভোগ করতে হবে বলে বিচারক রায়ে উল্লেখ করেন।

এছাড়া অবৈধ সম্পদের মামলায় ২০০৮ সালে তাকে ১০ বছরের সশ্রম কারাদণ্ড দেন আদালত।

রায় ঘোষণার দীর্ঘ ১৭ বছর পর তিনি আদালতে আত্মসমর্পণ করে জামিন আবেদন করলেন। আদালত সে আবেদন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

দুর্নীতি তারেক রহমান বিএনপি আদালত

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:12

URL: https://www.timestodaybd.com/politics/1593845957